

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
web: www.rdc.gov.bd

স্মারক নং- ৪৭.৬৬.০০০০.০৩৩.০৬.০৬০.১৬-৪৫২

তারিখ : ২৮/১২/১৬ খ্রি:/১৪ পৌষ, ১৪২৩ বঙ্গাব্দ।

বিষয় : পিডিবিএফ এর ব্যবস্থাপনা পরিচালক জনাব মো: মাহবুবুর রহমান এর চাকুরীর অবসান।

অদ্য ২৮/১২/২০১৬ তারিখ পিডিবিএফ এর ৬৯তম বোর্ড সভার সিদ্ধান্ত মোতাবেক জনাব মো: মাহবুবুর রহমান, ব্যবস্থাপনা পরিচালক এর ১৩/০৫/২০১৩ ইং তারিখের স্মারক নং- পিডিবিএফ/এইচআরএম/৩১১/২০১১/২০৬৫ নং নিয়োগ আদেশ পিডিবিএফ আইন (১৯৯৯ সালের ২৩ নং আইন) এর ধারা ১১ অনুসারে ২য় বোর্ড সভায় প্রণীত ও অনুমোদিত ব্যবস্থাপনা পরিচালকের নিয়োগ বিধিমালা বিশেষ করে ০৭ নং শর্তের পরিপন্থী হওয়ায় বোর্ডের ৬৯তম সভার অনুমোদনক্রমে ব্যবস্থাপনা পরিচালক নিয়োগ বিধিমালার ৯ ও ১০ নং শর্ত ও পিডিবিএফ এর চাকুরী প্রবিধানমালার ৬১ (২) বিধি অনুসারে নিম্নরূপ শর্তে জনাব মো: মাহবুবুর রহমানের চাকুরীর অবসান আদেশ প্রদান করা হলো।

- ১। জনাব মো: মাহবুবুর রহমান এর চাকুরী ১৩/০৫/২০১৩ হতে ১২/০৫/২০১৬ পর্যন্ত তিন বছর পূর্ণ হওয়ার পর অদ্য ২৮/১২/১৬ তারিখ পর্যন্ত অতিরিক্ত ০৭ মাস ১৬ দিন সময়কে বোর্ডের অনুমোদন সাপেক্ষে বর্ধিত করা হলো।
- ২। তাঁকে ব্যবস্থাপনা পরিচালক নিয়োগ বিধিমালার ৯ ও ১০নং শর্ত ও পিডিবিএফ এর চাকুরী প্রবিধানমালার ৬১ (২) বিধির শর্তানুসারে ০৩ মাসের মূল বেতন প্রদান করা হবে, তবে শর্ত থাকে যে তার বিরুদ্ধে তদন্ত সাপেক্ষে আর্থিক কোন পাওনা থাকলে তা সমন্বয় সাপেক্ষে এ অর্থ প্রদান করা হবে।

এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং তা অদ্যই কার্যকর হবে।



(ড. প্রশান্ত কুমার রায়)

সভাপতি

বোর্ড অব গভর্নর্স, পিডিবিএফ

ও

সচিব

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য :

- ১। জনাব মো: মাহবুবুর রহমান, ব্যবস্থাপনা পরিচালক (অবসায়িত), পিডিবিএফ, হাউজ নং- ৫, এভিনিউ-০৩, মিরপুর-২, ঢাকা।
- ২। জনাব মদন মোহন সাহা, পরিচালক (অর্থ ও হিসাব), পিডিবিএফ, হাউজ নং- ৫, এভিনিউ-০৩, মিরপুর-২, ঢাকা।
- ৩। পরিচালক, (সকল), পিডিবিএফ এর বোর্ড অব গভর্নর্স।

সদয় অবগতির জন্য :

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মাননীয় প্রতি মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।